

ফ্রেমওয়ার্ক চুক্তির মাধ্যমে ক্রেডিটে জ্বালানি তেল ও লুব্রিকেন্ট সরবরাহকারী নিয়োগের দরপত্র সিডিউল

বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকায় সরকারি কাজে ব্যবহারের জন্য ডিজেল, কোরোসিন, অকটেন, হাইড্রোলিক ওয়েল, মবিল ওয়েল, কাপ গ্রীস প্রভৃতি জ্বালানি তেল ও লুব্রিকেন্ট ফ্রেমওয়ার্ক চুক্তির মাধ্যমে সরবরাহের নিমিত্ত সরবরাহকারী নিয়োগের দরপত্র।

০১. দরপত্র বিজ্ঞপ্তি নম্বর ও তারিখ : ০৫.৮২.০০০০.০১৮.২৬.০০২.২৪-২৫/২৪.২২, তারিখ : ২২-০৮-২০২৪ খ্রি.
০২. দরপত্র সিডিউলের মূল্য : ১,০০০.০০ (এক হাজার) টাকা অফেরতযোগ্য।
০৩. আর্নেস্টম্যানি/টেন্ডার সিকিউরিটি : ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার) টাকা
০৪. দরপত্র সিডিউল ক্রয়ের সর্বশেষ তারিখ ও সময় : ১০-০৯-২০২৪ পর্যন্ত (অফিস চলাকালীন সময়ে)।
০৫. দরপত্র দাখিলের তারিখ ও সময় : ১১-০৯-২০২৪ তারিখ বেলা ১২:০০ ঘটিকা পর্যন্ত
০৬. দরপত্র বাস্তব খোলার তারিখ ও সময় : ১১-০৯-২০২৪ তারিখ বেলা ৩:০০ ঘটিকায় দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন)।
০৭. দরপত্র বাস্তব খোলার স্থান : উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয় এর অফিস কক্ষ।
০৮. দরপত্রের বৈধতার মেয়াদ : ৯০ (নব্বই) দিন
০৯. দরপত্র সিডিউল বিক্রয় ও দরপত্র দাখিলের স্থান : নিম্নে বর্ণিত কার্যালয়ে :
(ক) মহাপরিচালক (গ্রেড-১), মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
(খ) উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা।
(গ) উপপরিচালক, গভঃ প্রিন্টিং প্রেস, তেজগাঁও, ঢাকা।
(ঘ) উপপরিচালক, বাংলাদেশ স্টেশনারী অফিস, তেজগাঁও, ঢাকা।
(ঙ) উপপরিচালক, বাংলাদেশ নিরাপত্তা মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা।
(চ) উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।

সরবরাহতব্য পণ্য :		
নং	পণ্যের নাম ও বিবরণ	একক মূল্য (ক্রেডিটে)
০১	ডিজেল	পরিমাণ (প্রয়োজন অনুসারে চাহিদা মোতাবেক)
০২	কোরোসিন	
০৩	অকটেন	
০৪	হাইড্রোলিক ওয়েল (টি এইচ বি-৩২)	
০৫	মবিল ওয়েল (হেভি ডিউটি এক্সট্রা-৪০)	
০৬	এসকে কাপ গ্রীজ	
০৭	পরিবহন স্বরচ	প্রতি ড্রাম

দরপত্রের শর্তাবলি :

- ০১। প্রকৃত ডিলার/এজেন্ট অথবা জ্বালানি তেল ও লুব্রিকেন্ট সরবরাহ কাজে অভিজ্ঞ প্রতিষ্ঠান দরপত্রাবে অংশ গ্রহণ করতে পারবে।
- ০২। সরকার কর্তৃক নির্ধারিত দরে/নির্ধারিত ডিলার কর্তৃক নির্ধারিত দরে (ক্রেডিটে) চাহিদা অনুসারে ২০২৪-২৫ হতে ২০২৬-২৭ অর্থ বছরের জন্য জ্বালানি তেল ও লুব্রিকেন্ট সরবরাহ করতে হবে।
- ০৩। উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা বরাবরে প্রতিষ্ঠানের প্যাডে লিখিতভাবে সীলগালাকৃত খামে দরপত্রাব দাখিল করতে হবে।
- ০৪। দরপত্রাবের সাথে হালনাগাদ নবায়নকৃত ট্রেড লাইসেন্স, ভ্যাট নিবন্ধন, আয়কর পরিশোধ সংক্রান্ত সনদ এবং আর্থিক স্বচ্ছলতা সম্পর্কে ব্যাংকের প্রত্যয়ন পত্রের কপি দাখিল করতে হবে।

- ০৫। দরপত্রের সাথে আর্নেস্ট মানি/টেন্ডার সিকিউরিটি হিসেবে যে কোনো তফসিলী ব্যাংক হতে ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার) টাকা পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/ব্যাংক গ্যারান্টি আকারে (ফেরতযোগ্য) উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয় এর অনুকূলে দাখিল করতে হবে।
- ০৬। কৃতকার্য/বিবেচিত দরদাতা প্রতিষ্ঠানকে জামানত হিসেবে ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার) টাকা পে-অর্ডার/ব্যাংক ড্রাফট/ব্যাংক গ্যারান্টি আকারে উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা এর অনুকূলে দাখিল করতে হবে এবং ৩০০.০০ (তিনশত) টাকার নন-জুডিসিয়াল স্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদন করতে হবে। চুক্তি মোতাবেক মেয়াদ শেষে উক্ত জামানত ফেরত দেয়া হবে। জামানত জমা প্রদানে ব্যর্থ হলে জঁর/তঁদের দরপ্রস্তাব বাতিলসহ আর্নেস্ট মানি/টেন্ডার সিকিউরিটি বাজেয়াপ্ত করা হবে।
- ০৭। বিবেচিত দরদাতাকে সরবরাহ আদেশ জারি করার তারিখ থেকে ০৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে চাহিদা অনুসারে জ্বালানি তেল ও লুব্রিকেন্ট সরবরাহ করতে হবে।
- ০৮। সরবরাহকৃত জ্বালানি তেল ও লুব্রিকেন্ট এর উপর প্রযোজ্য আয়কর ও অন্যান্য কর (যদি থাকে) সরবরাহকারী প্রতিষ্ঠানকে বহন করতে হবে।
- ০৯। দরপত্র দাখিলকারী প্রতিষ্ঠানকে সরকারি, আধাসরকারি কিংবা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কমপক্ষে ০৩(তিন) বছর জ্বালানি ও লুব্রিকেন্ট সরবরাহের অভিজ্ঞতা থাকতে হবে। দরপত্রের সাথে অভিজ্ঞতার স্বপক্ষে প্রমাণক দাখিল করতে হবে।
- ১০। সরকার কর্তৃক নির্ধারিত দরে ডিজেল, কেরোসিন ও অকটেন এবং সংশ্লিষ্ট ডিলার (কোম্পানি) কর্তৃক নির্ধারিত দরে হাইড্রোলিক ওয়েল, মবিল ওয়েল ও গ্রিজ সরবরাহ করতে হবে।
- ১১। দরপ্রস্তাবে কোনো প্রকার কাটাকাটি/ঘষামাজা গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।
- ১২। সরবরাহকৃত পণ্যের মূল্যের সাথে কেবলমাত্র ভ্যাট ও পরিবহন ব্যয় দাবি করা যাবে। পরিবহন ব্যয় দরপত্রে উল্লেখ করতে হবে।
- ১৩। সরবরাহকারী নিয়োগ সংক্রান্ত সরকারি সকল বিধি-বিধান প্রযোজ্য হবে।
- ১৪। অকৃতকার্য দরদাতাদের আর্নেস্ট মানি/টেন্ডার সিকিউরিটি বিধি মোতাবেক ফেরত দেয়া হবে।
- ১৫। কোনো কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্র গ্রহণ কিংবা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(Handwritten Signature)

(মোঃ তাজিম-উর-রহমান)
উপপরিচালক (উপসচিব)
ফোন : ৫৮১৫১৯০১
dd.bgpress@dpp.gov.bd

উপরোক্ত শর্তাবলি মনোযোগ সহকারে পাঠ করেছি এবং আমার/আমাদের দরপ্রস্তাব উল্লেখ করেছি। আর্নেস্ট মানি/ দরপত্র জামানত বাবদ নিম্নবর্ণিত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সংযুক্ত করা হল :

ক্রমিক নং	ব্যাংকের নাম ও ঠিকানা	ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর ও তারিখ	টাকার পরিমাণ

দরদাতার স্বাক্ষরসহ পূর্ণ নাম ও ঠিকানা :

.....
.....
.....

টেলিফোন/মোবাইল নম্বর :